

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৮৫০

আগরতলা, ৩০ মার্চ, ২০২৬

**টি.বি.এস.ই. পরিচালিত এ বছরের
উচ্চতর মাধ্যমিক পরীক্ষা সমাপ্ত**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এ বছরের উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় আজ ষষ্ঠ বিষয়ের (ভোকেশনাল) পরীক্ষা গ্রহণ করা হয়। রাজ্যের মোট ৬২টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাস্থলের অবস্থা শান্তিপূর্ণ ছিলো। আজ উচ্চতর মাধ্যমিকের ষষ্ঠ সাবজেক্ট (ভোকেশনাল) পরীক্ষায় ৪,৫৮৪ জন পরীক্ষার্থী ছিলো। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিলো ৪,৫১৩ জন পরীক্ষার্থী। অনুপস্থিতির সংখ্যা ৭১ জন। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৮.৪৫।

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের ২০২৬ সালের সব পরীক্ষা আজ শেষ হয়েছে। পরীক্ষা কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যের সাধারণ প্রশাসন, শিক্ষা দপ্তর, তথ্য ও সংস্কৃতি, আরক্ষা, বিদ্যুৎ, পরিবহন, খাদ্য ইত্যাদি দপ্তর, বিভিন্ন পুরসভা এবং রাজ্যের সমস্ত সংবাদমাধ্যম ও বৈদ্যুতিন চ্যানেলের সংশ্লিষ্ট সকলকে পর্ষদের তরফ থেকে ধন্যবাদ জানানো হয়েছে।
